



মীর কাসেম আলীর মৃত্যুদণ্ড স্থগিত করুন



যুদ্ধাপরাধের অভিযোগে অভিযুক্ত জামায়াত নেতা মীর কাসেম আলী জানিয়েছেন তিনি রাষ্ট্রপতির কাছে ক্ষমা চাইবেন না। এর ফলে তার প্রাণ বাঁচানোর ব্যাপারে আর কোন পথ খোলা রইল না। তার মৃত্যুদণ্ড কার্যকর করা এখন শুধু সময়ের ব্যাপার মাত্র।

আমরা বরাবরের মতোই মৃত্যুদণ্ডের বিরোধী। আমরা মনে করি আজ থেকে প্রায় ৪৫ বছর আগে সংঘটিত একটি ঘটনার দায়ে একজন ব্যক্তিকে যদি মৃত্যুদণ্ডে দণ্ডিত করা হয়, তাহলে এই দণ্ডে ভুল হওয়ার সম্ভাবনা অনেক বেড়ে যায়। আর পরবর্তীতে যদি এই ভুল ধরা পড়ে, তাহলে এই ভুল শোধরানোর কোন উপায় থাকবে না।

তাই বর্তমান প্রেক্ষাপটে আমাদের দাবি, মীর কাসেম আলীর মৃত্যুদণ্ড রহিত করে তাকে যাবজ্জীবন দণ্ডে দণ্ডিত করা হোক।

মাবরুর মাহমুদ
প্রতিষ্ঠাতা, আইএফডি
সেপ্টেম্বর ০২, ২০১৬

ছবিসূত্রঃ ইন্টারনেট